

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩১২৯

খোয়াই, ২১ মার্চ, ২০২৫

**খোয়াই জেলায় ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ**

জন জীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখার লক্ষ্যে খোয়াই জেলার অন্তর্গত ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় জন সাধারণের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই বিধিনিষেধ আগামী ২৫ মার্চ ২০২৫ থেকে ২৩ মে ২০২৫ পর্যন্ত বলবৎ থাকবে। প্রতিদিন রাত্র ৮ টা থেকে পরদিন ভোর ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। বিএনএসএস'র, ২০২৩ এর ১৬৩নং ধারা অনুযায়ী খোয়াই জেলার জেলাশাসক এক বিজ্ঞপ্তিতে এই বিধিনিষেধ আরোপ করেছেন। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধাসামরিক বাহিনী, রাজ্য পুলিশ বাহিনী সদস্যগণ, জেলা পুলিশ সুপার, মহকুমা শাসক প্রদত্ত বৈধ অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তি, জরুরী কাজে নিয়োজিত সরকারী কর্মীগণ এবং অবিলম্বে চিকিৎসার প্রয়োজন এমন ব্যক্তিগণ এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে বিএনএস'র, ২০২৩ এর ১৬৩ নং ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

\*\*\*\*\*